



# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

আইটি বিভাগ

www.kb.gov.bd, E-mail : it@kb.gov.bd

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

## ২০১৯-২০২০ অর্থবছরে ব্যাংক কর্তৃক প্রাথমিকভাবে গৃহীত উদ্ভাবনী ধারণা সমূহ:

### সহজ কিস্তি আদায় (এসএমএস এর মাধ্যমে ঋণ সংক্রান্ত তথ্য অবহিতকরণ)

ধারণার পরিচিতি: বর্তমান পদ্ধতিতে ঋণ গ্রহীতাকে ঋণ প্রদানের সময়েই ঋণের কিস্তি প্রদানের তারিখ অবহিত করা হয়। এছাড়াও মাঠ কর্মকর্তা গ্রাহকগণকে সরাসরি সাক্ষাত বা মোবাইলের মাধ্যমেও ঋণ গ্রহীতাকে তার ঋণের কিস্তি প্রদানের তারিখ সম্পর্কে অবহিত করে থাকেন। কিন্তু ঋণ গ্রহীতার সংখ্যা বেশি হলে ০১/০২ জন মাঠ কর্মকর্তার পক্ষে সকল গ্রাহকের নিকট পৌঁছানো সম্ভব হয়না। ফলশ্রুতিতে, অনেক সময় গ্রাহক নির্দিষ্ট সময়ে তার কিস্তি প্রদানের কথা ভুলে যায় এবং সে ঋণ খেলাপী হয়ে যায়।

বর্ণিত সমস্যাসমূহ দূরীকরণে আমরা যদি সকল গ্রাহককে তার ঋণের কিস্তির তারিখ সম্পর্কে অবহিতকরণের জন্য ০৭ (সাত) দিন আগে একটি এসএমএস প্রদান করতে পারি, তাহলে গ্রাহক আগে থেকেই প্রস্তুতি গ্রহণ করতে পারবে। এছাড়াও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা হিসেবে আমরা যদি কিস্তির টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আদায় করতে পারি তাহলে গ্রাহকের ব্যাংকে আসার প্রয়োজন হবে না। এসএমএস পদ্ধতি চালু হলে ঋণের কিস্তির তথ্য ছাড়াও ঋণ সম্পর্কিত আরো অনেক তথ্য গ্রাহককে জানানো সম্ভব হবে।

### ফাস্ট কমিউনিকেশন


ধারণার পরিচিতি: ব্যাংকের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা জন্য সময় সময় বিভিন্ন কর্মকর্তা/কর্মচারীর ফোন/মোবাইল নম্বরের প্রয়োজন হয়। বর্তমানে ব্যাংকের ওয়েবসাইটে সকল বিভাগ, বিভাগীয় কার্যালয়, আঞ্চলিক কার্যালয় ও শাখা প্রধানের ফোন/মোবাইল নম্বর দেয়া আছে। কিন্তু অনেক সময় শাখা/কার্যালয় প্রধান ব্যতীত অন্য কর্মকর্তা/কর্মচারীর ফোন নম্বরও প্রয়োজন হয়। এসকল ব্যক্তির নম্বর মোবাইলে সংরক্ষিত না থাকলে, প্রথমে ফোনবুক বা ডায়েরী দেখে সংশ্লিষ্ট অফিস প্রধানের নম্বর খুঁজে বের করতে হয় তারপর অফিস প্রধানের নিকট হতে তার ফোন নম্বর সংগ্রহ করতে হয়। আবার সকলের ফোন নম্বর ডায়েরীতে না থাকায় এসকল নম্বর পাওয়ার জন্য অন্য কোন ব্যক্তিকে ফোন করে নম্বর সংগ্রহ করতে হয়। যা সময় সাপেক্ষ।

এ প্রেক্ষিতে সকল ফোন/মোবাইল নম্বর যদি Online Platform বা Android Apps এ সংরক্ষণ করা হয় তবে এ সংক্রান্ত ব্যবস্থাপনা সহজ হবে। ইন্টারনেট কানেকশনযুক্ত কম্পিউটার/ল্যাপটপ/মোবাইল ফোন ব্যবহার করে সহজেই কর্মসংস্থান ব্যাংকের যে কোন কর্মকর্তা/কর্মচারী তার প্রয়োজনীয় ফোন নম্বর সংগ্রহ করতে পারবে এবং মোবাইলে সেভ করে রাখতে পারবে।

এছাড়াও দীর্ঘমেয়াদি পরিকল্পনার অংশ হিসেবে অ্যাজুয়েড এপস এ চ্যাটিং অপশন যুক্ত করা যেতে পারে। এছাড়াও শাখার ঋণগ্রহীতাদের ফোন নম্বর সংগ্রহ করে এই সিস্টেমে সংযুক্ত করা হলে সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা/কর্মচারীগণ ঋণগ্রহীতাদের সাথে খুব সহজেই যোগাযোগ করতে পারবে। যা আদায় বিতরণ বৃদ্ধিতে ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

## কেবি ইজি ফরমস

লেজার, রেজিষ্টার ও রশিদ বহি বাদে কর্মসংস্থান ব্যাংক ওয়েব সাইট হতে সমস্ত ষ্টেশনারী মালামালের সফটকপি কেবি ওয়েব সাইট থাকবে। সকল শাখা ও কার্যালয় সেখান হতে ডাউনলোড করে ব্যবহার করবে। এতে মালামাল পরিবহন, হিসাবায়ন ব্যয় কমবে এবং শাখার কাজের সুবিধা হবে।

  
(মোঃ আলা উদ্দিন)  
উপমহাব্যবস্থাপক  
ও  
ইনোভেশন অফিসার